

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
হবিগঞ্জ।  
(সংস্থাপন শাখা)  
[www.habiganj.gov.bd](http://www.habiganj.gov.bd)

স্মারক নং -০৫.৪৬.৩৬০০.০০৩.১৪.০১২.১৯-১৯

তারিখ-২৮ এপ্রিল, ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, উর্দ্ধক কর্মচারী শাখার ৩১ মে, ২০১৮ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৫.১৬-১০৯ নং স্মারক এবং বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট কার্যালয় এর ১০ জুলাই, ২০১৮ খ্রি: তারিখের ০৫.৪৬.০০০০.০০১.১১.০০৫.১৭.৫৮৪ নং স্মারকের পরিশ্রেফিকিতে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর সাধারণ প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত শূণ্য পদের বিপরীতে প্রদর্শিত ২০১৫ খ্রি: সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	সীট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০৮(আট) টি	১০২০০- ১৪৬৮০/-	ক) কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচ.এস.সি./সমমান পরীক্ষায় পাশ। খ) সীটলিপিতে প্রতি মিনিটে গতি ইংরেজী- ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ। গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ইংরেজী- ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না ;
- উল্লিখিত পদের প্রার্থীদের কম্পিউটার পরিচালনায় দক্ষতাসহ প্রতি মিনিটে টাইপ এবং শর্টহ্যান্ড এ ইংরেজী ও বাংলায় নির্ধারিত গতি থাকতে হবে ;
- নির্ধারিত আবেদন ফরমটি হবিগঞ্জ জেলার ওয়েব সাইট অর্থাৎ ([www.habiganj.gov.bd](http://www.habiganj.gov.bd)) লিংকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর সংস্থাপন শাখায় এবং হবিগঞ্জ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ;
- নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে ;
- নির্ধারিত আবেদন ফরমটি স্বহস্তে পূরণ করে আবেদন ফরমে নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে ;
- বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে ;
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ৫X৫ সে:মি: আকারের ছবি;
- খ) প্রার্থীকে ১/০৭৪২/০০০০/২০৩১ নম্বর কোডে ড্রজারি চালানোর মাধ্যমে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানোর মূল কপি সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক এবং শাখার নাম লিপিবদ্ধ করতে হবে ;
- গ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে দরখাস্তের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/- (দশ) টাকার ডাকটিকেট লাগানো একটি ১০.৫''X ৪.৫'' সাইজের ফেরত খাম;
- ঘ) নির্ধারিত ফরমে প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
- ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গণ ১৯/০৬/২০১৭ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাটী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তিবর্তা নম্বর : ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ৩। গেজেট নম্বর ও তারিখ : ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ : ৫। বামুস সনদের নম্বর ও তারিখ	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ : ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ : ৩। এসএস সনদ অনুযায়ী জন্ম	

